# নিখোঁজ কুমিল্লা বিশ্ববিদ্যালয় শিক্ষকের ছেলের মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাহিদা বেগমের ১৩ বছর বয়সী ছেলে অপ্রতীমের মরদেহ উদ্ধার করা হয়েছে। শনিবার (১৯ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কাছের লালমাই সানন্দা পাহাড় এলাকার জঙ্গল থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

অপ্রতীম কুমিল্লা বর্ডারগার্ড পাবলিক স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থী ছিল। শুক্রবার বিকেলে কুমিল্লার কোটবাড়ি এলাকার বাসা থেকে মায়ের আইফোন নিয়ে বন্ধুদের সঙ্গে ছবি তুলতে বের হয় সে। এরপর আর বাড়িতে ফেরেনি।

ছেলে নিখোঁজ হওয়ার পর তার বাবা কে এম ফিরোজ শাহরিয়ার কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন। একই সময়ে সন্তানকে খুঁজে পেতে সামাজিক যোগাযোগমাধ্যমে সহায়তা চান অপ্রতীমের মা ড. নাহিদা বেগম।

ফেসবুকে দেওয়া পোস্টে তিনি জানান, বিকেল ৩টার পর থেকে অপ্রতীমকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। নিখোঁজের সময় তার পরনে পাঞ্জাবি ছিল। ছেলেকে খুঁজে পেতে সবার সহযোগিতা চান তিনি এবং জানান, বিষয়টি থানায় অবহিত করা হয়েছে।

একমাত্র সন্তানকে হারিয়ে বর্তমানে ভেঙে পড়েছেন ড. নাহিদা বেগম ও তার পরিবারের সদস্যরা।

LENS ASIA